# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ইলম যথাযথভাবে অর্জন করেননি, তাকে যেই হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, ইবনু উআইনার হাদীসটি ভুল বা ত্রুটিযুক্ত

ذِكْرُ خَبَرٍ أَوْهَم بَعْضَ مَنْ لَمْ يَطْلُبِ الْعِلْمَ مِنْ مَظَانِّهِ أَنَّ رِوَايَةَ ابْنِ عُيَيْنَةَ هَذِهِ مَعْلُولَةٌ أَوْ مَوْهُومَةٌ

---

আরবী

1390 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ: عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْفَأْرَةِ تَقَعُ فِي السَّمْنِ فَقَالَ:. (إِنْ كَانَ جَامِدًا فَأَلْقُوهَا وَمَا حَوْلَهَا وَإِنْ كَانَ مَائِعًا فَلَا تَقْرَبُوهُ) يعني ذائباً.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1390 | خلاصة حكم المحدث: ضعيف بهذاالتمام ـ ((الضعيفة)) (1532).

বাংলা

১৩৯০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করা হয় ঐ ইঁদুর সম্পর্কে যা ঘিয়ের মধ্যে পড়ে যায়, জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, ““যদি ঘি জমাটবদ্ধ হয়, তবে ইঁদুর ও তার আশপাশ ফেলে দিবে আর যদি ঘি তরল হয়, তবে তার ধারে কাছেও যেয়ো না। অর্থাৎ ঐ তরল জিনিসের ধারে কাছেও যাবে না।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/২৮০; হুমাইদী: ৩১২; মুসনাদ আহমাদ: ৬/৩২৯; সহীহ আল বুখারী: ৫৫৩৮; আবূ দাউদ: ৩৮৪১; তিরমিযী: ১৭৯৮; নাসাঈ: ৭/১৭৮; দারেমী: ২/১০৯; সুনান বাইহাকী: ৯/৩৫৩; তাবারানী:

২৩/১০৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয য‘ঈফা: ১৫৩২।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90704

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন